NYC Mayor's Office of Immigrant Affairs

# ICE/অভিবাসন কর্তৃক যদি আপনার বন্ধু/পরিবারের কোনও সদস্য আটক হয় তাহলে কী করবেন

সচরাচর জিজ্ঞাস্য

জানুয়ারি 2025

Bangla

**locator.ice.gov-এ অনলাইন ICE লোকেটরে অনুসন্ধান করে আপনি নিশ্চিত করতে পারেন যে আপনার বন্ধু বা পরিবারের সদস্যকে আটক করা হয়েছে**

লোকেটর ব্যবহার করার জন্য আপনার প্রয়োজন হবে আপনার বন্ধু বা পরিবারের:

- জন্মস্থান ও " A সংখ্যা" **বা**
- জন্মস্থান, নামের প্রথম অংশ, নামের শেষ অংশ এবং জন্ম তারিখ। (অনুগ্রহ করে মনে রাখবেন: নামের বানান সঠিকভাবে লিখতে হবে।

**টিপ:** "A সংখ্যা" হলো একটি 8- বা 9-সংখ্যার শনাক্তকরণ নম্বর যা বেশিরভাগ অভিবাসন বিষয়ক কাগজপত্রে পাওয়া যায়। এটি A বর্ণটি অনুসরণ করে। কাউকে আটক করা হলে এটি তার কব্জির বন্ধনীতেও পাওয়া যেতে পারে। যেমন: A 000-000-000

যদি আপনার কাছে তাদের A সংখ্যাটি না থাকে তাহলে আপনি যখন তাদের সঙ্গে কথা বলবেন তখন আপনার বন্ধু বা পরিবারের সদস্যের কাছ থেকে তা জেনে নিন ।



এই পুস্তিকাটি শুধু সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করুন।

## 1-800-354-0365

**সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত**

**আপনার পছন্দের ভাষায় দোভাষী সুবিধা পাওয়া যাবে।**

বিনামূল্যে এবং গোপনীয় অভিবাসন আইনি সহায়তার জন্য অভিবাসী নিউ ইয়র্কবাসীরা MOIA অভিবাসন আইনি সহায়তা হটলাইনে ফোন করতে পারেন।

## 311

**বলুন "ইমিগ্রেশন"**

**দোভাষী সুবিধা পাওয়া যাবে।**

অভিবাসন আইন জটিল।
প্রতারক বা জালিয়াত অভিবাসন আইনি সেবাপ্রদানকারীদের থেকে সতর্ক থাকুন যারা মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে থাকতে পারে।

**মনে রাখবেন:** একজন পাবলিক নোটারি যিনি লাইসেন্সপ্রাপ্ত আইনজীবী নন, তিনি আপনার পক্ষে অভিবাসন ফরম পূরণ বা দাখিল করতে পারবেন না। আপনাকে আইনি পরামর্শ দেওয়াও তাদের উচিত নয়।



এই পুস্তিকাটি শুধু সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করুন।

আমার বন্ধু বা পরিবারের সদস্য ICE/ অভিবাসন বিভাগ কর্তৃক আটক হয়েছে। আমি কীভাবে তাদের খুঁজে পাব?



যদি ICE/অভিবাসন বিভাগ আপনার বন্ধু বা পরিবারের সদস্যদের নিউ ইয়র্ক সিটিতে বা তার আশেপাশে আটক করে, তাহলে তাদের সকল প্রক্রিয়া ম্যানহাটনের একটি ICE অফিসে করা হবে। এটি করতে সাধারণত এক দিন সময় লাগে। তারপর, তাদের একটি আটককেন্দ্রে স্থানান্তর করা হয়। সাধারণত, আটককেন্দ্রগুলি নিউ ইয়র্ক বা নিউ জার্সিতে অবস্থিত। কখনও কখনও আটক ব্যক্তিদের অন্য রাজ্যে অভিবাসন আটককেন্দ্রগুলিতে রাখা হয়ে থাকে। আটককেন্দ্রগুলি জেলখানায় বা ফেডারেল ভবনে থাকতে পারে।

**গ্রেফতার** → **একটি ICE কার্যালয়ে সকল প্রক্রিয়া সম্পন্নকরণ** → **ICE আটককেন্দ্রে স্থানান্তরকরণ**

# আমার বন্ধু বা পরিবারের সদস্যদের সাথে দেখা করা কি নিরাপদ? আমি কীভাবে তাদের সাথে দেখা করতে এবং তাদের জন্য টাকা পাঠাতে পারি?



**যারা বৈধ কাগজপত্রবিহীন তারা তাদের বন্ধু বা পরিবারের সদস্যের সাথে দেখা করতে পারেন। সাধারণত, অভিবাসন আইন প্রয়োগকারীদের জন্য দর্শনার্থীদের অভিবাসন মর্যাদার বিষয়টি চিহ্নিত করা উচিত নয়।**

**দ্রষ্টব্য: আপনি যদি উদ্বিগ্ন হন যে দেখা করতে গিয়ে আপনার নিজের মামলা বা অভিবাসন মর্যাদা-সংশ্লিষ্ট কোনো সমস্যা আপনাকে ঝুঁকির মধ্যে ফেলতে পারে তাহলে আপনার একজন আইনজীবীর সাথে পরামর্শ করা উচিত।**

## দেখা করার পূর্বে:

পরিচয়পত্র ও ব্যাকগ্রাউন্ড চেকের প্রয়োজনীয়তা আছে কি না সে বিষয়ে **প্রতিটি আটককেন্দ্রের জন্য প্রয়োজনীয় শর্তাবলী পর্যালোচনা করুন।**

www.ice.gov/detention-facilities-এ গিয়ে **তাদের তথ্য দেখুন**। তথ্য নিশ্চিত করার জন্য আপনাকে আটককেন্দ্রে ফোন করতে হতে পারে।

**আপনার বন্ধু বা পরিবারের সদস্যের দর্শনার্থীর তালিকায় আপনার নাম অবশ্যই থাকতে হবে** এবং শুধুমাত্র আটককেন্দ্র কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট দিন ও সময়ে দেখা করতে পারবেন।

# আমার বন্ধু বা পরিবারের সদস্য কীভাবে একজন আইনজীবী পেতে পারেন?



মার্কিন সরকার নির্বাসনের সম্মুখীন অভিবাসীদের জন্য আইনজীবী প্রদান করে না।

**আপনার বন্ধু বা পরিবারের সদস্যকে নিউ ইয়র্ক অভিবাসী পরিবার একত্রীকরণ প্রকল্প (NYIFUP)-এর মাধ্যমে একজন আইনজীবী দেওয়া হতে পারে।**

নিউ ইয়র্ক অভিবাসী পরিবার একত্রীকরণ প্রকল্প (NYIFUP) হলো একটি সিটি প্রোগ্রাম যা **ICE/অভিবাসন বিভাগ কর্তৃক আটককৃত নিউ ইয়র্কবাসী যাদের অভিবাসন আদালতে মামলা রয়েছে তাদের জন্য বিনামূল্যে, উচ্চমানের আইনজীবী প্রদানের ব্যবস্থা করে** ।

**এই কর্মসূচি সম্পর্কে আরও জানতে পরবর্তী পৃষ্ঠা দেখুন।**



এই পুস্তিকাটি শুধু সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করুন।

যারা যোগ্য তাদের জন্য NYIFUP বিনামূল্যে আইনজীবী প্রদান করবে। এক্ষেত্রে **আটক হওয়া ব্যক্তি যোগ্য বলে বিবেচিত হবেন এবং একইসঙ্গে নিম্নলিখিত শর্তগুলি পূরণ করতে হবে:**

নির্বাসনের মামলাটি ভারিক সেন্ট অভিবাসন আদালতে (Varick St. Immigration Court) রয়েছে। যদি মামলাটি নিউ জার্সির আদালতে হয় তবে ব্যক্তিকে অবশ্যই নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হতে হবে;

আটককৃত ব্যক্তির কোনো আইনজীবী নেই;

এই মামলার জন্য অভিবাসন আদালতে এটি প্রথম শুনানি; এবং

পরিবারের আয় ফেডারেল দারিদ্র্য সীমার 200% এর নিচে।

প্রথম আনুষ্ঠানিক শুনানির (the first master calendar hearing) পরে দ্রুতই একজন আইনজীবী নিয়োগ করা হতে পারে।



এই পুস্তিকাটি শুধু সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করুন।

# কিছু লোক এই কর্মসূচির মাধ্যমে আইনজীবী নাও পেতে পারে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে এই কর্মসূচিটি এমন লোকদের আইনজীবী দেয় যাদের অভিবাসন আদালতে  অভিবাসন বিচারকের কাছে অভিবাসন-সংক্রান্ত মামলা মুলতুবি রয়েছে। তারা এমন লোকদের প্রতিনিধিত্ব নাও করতে পারে যাদের ইতিমধ্যেই অপসারণের আদেশ রয়েছে বা যাদের কোনও মুলতুবি মামলা নেই।

# 1-800-354-0365

**সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত**

**আপনার পছন্দের ভাষায় দোভাষী সুবিধা পাওয়া যাবে।**

যদি আপনার বন্ধু বা পরিবারের সদস্য NYIFUP-এর জন্য যোগ্য না হন, তাহলে আপনি তথ্য এবং আইনি সহায়তার জন্য **MOIA অভিবাসন আইনি সহায়তা হটলাইনে** ফোন করতে পারেন।



এই পুস্তিকাটি শুধু সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করুন।

# যদি আপনার বন্ধু বা পরিবারের সদস্য পূর্বে অভিবাসনের সাথে যোগাযোগ করে থাকে এবং তাকে নির্বাসনের আদেশ দেওয়া হয়, বা নিউ ইয়র্ক বা নিউ জার্সির বাইরে স্থানান্তরিত করা হয়, অবিলম্বে একজন আইনজীবীর সাথে যোগাযোগ করুন।

যদি এইগুলির মধ্যে কোনওটি ঘটে থাকে, তবে এটি সম্ভব যে আপনার বন্ধু বা পরিবারের সদস্য দ্রুত নির্বাসনের সম্মুখীন হতে পারেন এবং অবিলম্বে অভিবাসন আইনি সহায়তা প্রয়োজন। তাদের কাছে যদি পূর্ববর্তী অভিবাসন প্রক্রিয়ার সাথে সম্পর্কিত কাগজপত্র থেকে থাকে তাহলে সেসব নথিপত্র সংগ্রহ করা প্রয়োজন।

# প্রথম আদালতের তারিখ কখন হবে তা আমরা কীভাবে জানব?



# 1-800-898-7180

**অভিবাসন আদালত তথ্য লাইনে ফোন করে আপনি আমাদের আদালতের তারিখ কখন এবং কোথায় হবে তা জানতে পারেন।**

এটি একটি স্বয়ংক্রিয় তথ্য ব্যবস্থা। কোনও ব্যক্তি আপনার টেলিফোন ধরবে না। এই ব্যবস্থা শুধু ইংরেজি এবং স্প্যানিশ তথ্য প্রদান করে।

**ইংরেজির জন্য 1 চাপুন**
**স্প্যানিশের জন্য 2 চাপুন**

→

**আপনার A সংখ্যাটি লিখুন বা বলুন। স্বয়ংক্রিয় ব্যবস্থা A# পুনরাবৃত্তি করবে; নিশ্চিত করতে 1 চাপুন**

↓

**স্বয়ংক্রিয় ব্যবস্থা আপনার বন্ধু বা পরিবারের সদস্যের নামের বানান করবে**

←

**নিশ্চিত করতে 1 চাপুন**

→

**পরবর্তী আদালতের শুনানির তারিখের জন্য 1 চাপুন**

দ্রষ্টব্য: যদি সিস্টেমে তথ্য থাকে কিন্তু আদালতের তারিখ না থাকে

## আগের সিদ্ধান্ত চেক করতে 3 চাপুন।

যদি এটি বলে যে আদালত "অপসারণের আদেশ দিয়েছে" এর অর্থ হল আপনার বন্ধু বা পরিবারের সদস্যরা নতুন শুনানির তারিখ পাবেন না।

এছাড়াও আপনি এই ওয়েবসাইটটি ব্যবহার করতে পারেন যেখানে কেবল ইংরেজি ও স্প্যানিশ ভাষায় A সংখ্যাটি টাইপ করে অনলাইনে আদালতের তথ্য দেখতে পারেন।

https://acis.eoir.justice.gov/en/



এই পুস্তিকাটি শুধু সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করুন।

# কতদিন তাদের আটক রাখা হবে?



**এই প্রশ্নের উত্তর দেওয়া কঠিন এবং নির্ভর করে নির্দিষ্ট মামলার ওপরে। মামলা শেষ না হওয়া পর্যন্ত অথবা বিচারক তাদেরকে বন্ড মঞ্জুর না করা পর্যন্ত আপনার বন্ধু বা পরিবারের সদস্যদের আটক রাখা হবে।**

সবাইকে বন্ডের সুযোগ দেওয়া হবে না। বন্ডের শুনানিতে অভিবাসন বিচারক সিদ্ধান্ত নেন যে ব্যক্তিকে অভিবাসন আটককেন্দ্র থেকে মুক্তি দেওয়া যেতে পারে যদি তারা (বা তাদের পরিচিত কোনো বিশ্বস্ত ব্যক্তি) একটি বন্ড পরিশোধ করতে পারে।

অভিবাসন বন্ড একটি অভিবাসন বন্ড হলো মার্কিন সরকারকে অর্থ প্রদানের বিনিময়ে আটক ব্যক্তিকে মুক্তি দেওয়ার জন্য এবং তাদের মুক্তির প্রয়োজনীয় শর্তগুলি পূরণ করার প্রতিশ্রুতি, যার মধ্যে তাদের মুলতুবি অভিবাসন মামলার জন্য বিচারক প্রদত্ত শর্তাবলি অন্তর্ভুক্ত থাকতে পারে।

তাদের আটককে চ্যালেঞ্জ করার অন্য উপায় থাকতে পারে, এমনকি যদি সরকার বিশ্বাস করে যে আপনার বন্ধু বা পরিবারের সদস্য বন্ড শুনানির জন্য যোগ্য নয়। এর জন্য একজন অভিজ্ঞ আইনজীবীর সাথে তাদের মামলার সতর্ক পর্যালোচনার প্রয়োজন হবে।



এই পুস্তিকাটি শুধু সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করুন।

# বন্ড সহায়তা

যদি বন্ডটি মঞ্জুর করা হয় এবং আপনি এটির ব্যয় বহন করতে না পারেন, তাহলে আপনি যেসব অলাভজনক প্রতিষ্ঠান অভিবাসীদের এবং তাদের বন্ধু বা পরিবারের সদস্যদের বন্ড প্রদানে সহায়তা করে তাদের দ্বারা বন্ড পোস্ট করার (আংশিক বা সম্পূর্ণ) যোগ্যতা অর্জন করতে পারেন। নিম্নে কিছু প্রতিষ্ঠানের তথ্য দেওয়া হলো:

## এনভিশন ফ্রিডম তহবিল (The Envision Freedom Fund)

তারা বন্ড রেফারেল গ্রহণ করছে কি না তা দেখতে তাদের ওয়েবসাইট দেখুন:
https://envisionfreedom.org/get-support/#reach-out

## কৃষ্ণাঙ্গ অভিবাসী জামিন তহবিল (The Black Immigrants Bail Fund

ইমেইল পাঠান এই ঠিকানায়:
blackimmigrantbailfund@gmail.com

তাদের ওয়েবসাইটে গিয়ে তাদের অনুরোধ ফরম পূরণ করুন:
ইমেইল পাঠান এই ঠিকানায়
https://docs.google.com/forms/d/e/1FAIpQLSe0juxeG-Jl-0EZyilbp3WXf26UWQOpmunDBxmDgMNylRIAPA/viewform

## LGBTQ ফ্রিডম তহবিল (The LGBTQ Freedom Fund)

তাদেরকে ইমেইল পাঠান এই ঠিকানায়:
info@lgbtqfund.org,

তাদের ওয়েবসাইট দেখুন এখানে:
https://www.lgbtqfund.org/


Call 786-233-8969

আমার এখন আর কী করা উচিত?



1. **প্রথমত, যদি আপনি বা অন্য কেউ অভিবাসন গ্রেফতারের প্রত্যক্ষ সাক্ষী হন, তাহলে আপনার বন্ধু বা পরিবারের সদস্যকে গ্রেফতার এবং আটক করার সময় যা ঘটেছিল তার সবকিছুই তাদের লিখতে হবে। তারা যতটা মনে রাখতে পারে তা বিস্তারিত লিখুন এবং প্রমাণ স্বরূপ কোনো জিনিস বা ছবি সংগ্রহ করুন।**

2. **দ্বিতীয়ত, গ্রেফতার বা কর্মস্থলে অভিযান সম্পর্কে রিপোর্ট করুন! অভিবাসী প্রতিরক্ষা প্রকল্পের হেল্পলাইনে যোগাযোগ করুন 212-725-6422-নম্বরে ।**



**নোট:**

www.nyc.gov/immigrants